

অরুণ চৌধুরী মেমোরিয়াল ট্রাস্টের পক্ষ থেকে ধন্যবাদ ও অভিনন্দন জ্ঞাপন :

গত ১৮ জুন ২০২১, অরুণ চৌধুরীর ষষ্ঠ প্রয়াণ দিবসে বীরভূম জেলার নগরী গ্রামে ভারতের কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী)র সিউডি ১ নং এরিয়া কমিটির উদ্যোগে এক স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হল। বর্তমান কোভিড পরিস্থিতিতে মানুষের সঙ্গী হওয়া রেড ভলান্টিয়ার্সরাও এই কর্মসূচীতে অংশ নেন। জীবনব্যাপী এই সংগঠনের সঙ্গে সার্বিক ভাবে যুক্ত, বীরভূম জেলার নেতৃত্ব হিসাবে তাঁর কর্মময় জীবন স্মরণ উপলক্ষ্যে এবং বর্তমান সময়ের রক্ত সংকটের বাস্তবতার পরিপ্রেক্ষিতে তারা এই সমাজ বন্ধন গড়ে তোলার কর্মসূচী নেন। এই গুরুত্বপূর্ণ ও সময়োপযোগী স্বেচ্ছাদান কর্মসূচী টি সকলের সহযোগিতায় সফল হয়।

অরুণ চৌধুরী মেমোরিয়াল ট্রাস্ট এদিনের এই কর্মসূচীর উদ্যোক্তাদের ও সমগ্র এলাকাবাসীকে ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছে।